দৈনিক আমাদের সময়

তারিখ 12 APR 2016
পৃষ্ঠা 12 কলাম 2

# সরকারি হলো ৭ কলেজ

নিজস্ব প্রতিবেদক ● সরকারি হলো আরও সাতটি বেসরকারি কলেজ। গতকাল সোমবার এ বিষয়ে আদেশ জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়।

কলেজগুলো হলো মাদারীপুরের রাজৈর উপজেলার রাজৈর ডিগ্রি কলেজ, গাজীপুরের কালিয়াকৈর উপজেলার জাতির পিতা বঙ্গবন্ধু কলেজ, ঢাকার পল্লবীর বঙ্গবন্ধু কলেজ, খুলনার কয়রা উপজেলার কয়রা মহিলা কলেজ, গোপালগঞ্জের মুকসুদপুর উপজেলার মুকসুদপুর কলেজ, ফরিদপুরের ভাঙ্গা উপজেলার কাজী মাহবুব উল্লাহ (কেএম) কলেজ এবং একই জেলার আলফাডাঙ্গা উপজেলার আলফাডাঙ্গা ডিগ্রি কলেজ।

শিক্ষা এরপর, পৃষ্ঠা ৬, কলাম ৩

## সরকারি হলো ৭

(শেষ পৃষ্ঠার পর) মন্ত্রণালয়ের জারি করা আদেশে বলা হয়, এই কলেজের আত্তীকৃত হওয়া শিক্ষকেরা অন্য কলেজে বদলি হতে পারবেন না। সম্প্রতি কিশোরগঞ্জের ইটনা উপজেলার 'রাষ্ট্রপতি আবদুল হামিদ কলেজ' এবং নেত্রকোনার মোহনগঞ্জ ডিগ্রি কলেজকে জাতীয়করণ করা হয়। আরও কিছু কলেজকে জাতীয়করণের প্রক্রিয়া চলছে বলে জানিয়েছেন শিক্ষা মন্ত্রণালয়ের এক কর্মকর্তা।